

তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স
কোম্পানিসমূহের CSR কার্যক্রমের
ষান্মাসিক প্রতিবেদন
(জানুয়ারি-জুন ২০২৬)



সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা




সূচিপত্র

অনুচ্ছেদ	বিষয়	পৃষ্ঠা
১	সার-সংক্ষেপ	১
২	CSR ব্যয়ের খাতভিত্তিক বিভাজন ও হার	২
৩	ব্যাংকসমূহের জানুয়ারি-জুন ২০২৬ ভিত্তিক CSR কার্যক্রম	৩-৯
৩.১	ব্যাংকসমূহের জানুয়ারি-জুন ২০২৬ ভিত্তিক CSR বিবরণী পর্যালোচনা	৫-৬
৩.২	ব্যাংকের ধরণ ভিত্তিক CSR ব্যয়	৬
৩.৩	ইসলামী শরিয়াহ্ ভিত্তিক ব্যাংকসমূহের জানুয়ারি-জুন ২০২৬ ভিত্তিক CSR বিবরণী পর্যালোচনা	৭
৩.৪	বিদেশি ব্যাংকসমূহের জানুয়ারি-জুন ২০২৬ ভিত্তিক CSR বিবরণী পর্যালোচনা	৭-৮
৩.৫	ব্যাংকসমূহের ষাণ্মাসিক ভিত্তিক খাতওয়ারি CSR ব্যয়ের তুলনামূলক বিশ্লেষণ	৮-৯
৪	ফাইন্যান্স কোম্পানিসমূহের জানুয়ারি-জুন ২০২৬ ভিত্তিক CSR কার্যক্রম	৯-১২
৪.১	ফাইন্যান্স কোম্পানিসমূহের জানুয়ারি-জুন ২০২৬ ভিত্তিক CSR বিবরণী পর্যালোচনা	১০-১১
৪.২	ফাইন্যান্স কোম্পানিসমূহের জানুয়ারি-জুন ২০২৬ ভিত্তিক খাতওয়ারি CSR ব্যয়ের তুলনামূলক বিশ্লেষণ	১১-১২
৫	উপসংহার	১২

১. সার-সংক্ষেপ:

জাতিসংঘ কর্তৃক ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (Sustainable Development Goals - SDGs) অর্জনের একটি অপরিহার্য উপাদান হলো কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (Corporate Social Responsibility - CSR)। CSR এক ধরনের ব্যবসায়িক শিষ্টাচার বা রীতি যা ব্যবসা প্রতিষ্ঠানসমূহকে ব্যবসায়িক নিয়ম অনুসরণ করে কার্যক্রম পরিচালনার পাশাপাশি সামাজিক দায়িত্ব পালনে উৎসাহিত করে। এটি এমন একটি অঙ্গীকার যেখানে ব্যবসা প্রতিষ্ঠান তার অংশীদারদের কাছে অর্থনৈতিক, সামাজিক ও পরিবেশগতভাবে দায়বদ্ধ থাকে। অর্থনৈতিক, সামাজিক এবং পরিবেশগত কর্মকাণ্ডের মাধ্যমে স্টেকহোল্ডারদের প্রত্যাশা পূরণে অবদান রাখে বিধায় CSR সারা বিশ্বে ‘Triple Bottom Line Framework’ বা তিনস্তর ভিত্তিক কাঠামো হিসেবে খ্যাত। অন্যভাবে বলা যায়, তিনটি ধারণাকে প্রাধান্য দিয়ে CSR এর উৎপত্তি: মানুষ, পৃথিবী ও মুনাফা (People, Planet & Profit)।



ব্যবসা প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম হতে অনুসৃত নানারকম পরিবেশগত বিরূপ প্রভাব দূরীকরণ এবং একইসাথে সমাজের বিভিন্ন শ্রেণির মধ্যে বিরাজমান ক্ষোভ, হতাশা, অসমতা ও দারিদ্র্য বিমোচন CSR এর উদ্দেশ্য। কাজেই CSR এর মৌলিক দর্শন হচ্ছে দেশের হতদরিদ্র, সুবিধাবঞ্চিত ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীর শিক্ষা, স্বাস্থ্য, আয়-উৎসারী কর্মকাণ্ড, অবকাঠামো উন্নয়ন, দুর্যোগ ব্যবস্থাপনা এবং ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের উন্নয়নে অবদান রেখে সামাজিক দায়বদ্ধতা পূরণ করা। সামাজিকভাবে দায়বদ্ধ একটি প্রতিষ্ঠান শুধুমাত্র তার অংশীদারদের অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্যই কাজ করে না, বরং তার কর্মচারী, সরবরাহকারী, বিক্রেতা, স্থানীয় জনগণ এবং সর্বোপরি দেশ ও জাতির টেকসই উন্নয়নেও কাজ করে।

বর্তমান বিশ্বে অধিকাংশ বড় ব্যবসা প্রতিষ্ঠানই CSR বা সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে সমাজের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ডে অংশগ্রহণ করছে এবং তাদের শেয়ারহোল্ডারদের লভ্যাংশের কিছু অংশ এ খাতে বরাদ্দ/বিতরণ করছে। বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানির CSR কার্যক্রম বাংলাদেশ ব্যাংকের নিবিড় পরিবীক্ষণ ও তদারকির আওতায় রয়েছে। এক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রণীত সুনির্দিষ্ট CSR নীতিমালা রয়েছে যার পরিপালন ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহের CAMELS rating ও Sustainability rating নির্ণয়ে প্রভাব ফেলে। ব্যাংকিং পরিমন্ডলে CSR কার্যক্রমকে ত্বরান্বিত করার লক্ষ্যে অদ্যাবধি বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে গৃহীত উল্লেখযোগ্য পদক্ষেপসমূহ নিম্নে তুলে ধরা হলো :

- বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১ জুন ২০০৮ তারিখে জারিকৃত DOS সার্কুলার নং-১: Mainstreaming Corporate Social Responsibility - CSR in Banks and Financial Institutions in Bangladesh এর মাধ্যমে সর্বপ্রথম দেশে কার্যরত সকল ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানির CSR কার্যক্রমকে মূলধারায় সক্রিয়ভাবে অন্তর্ভুক্ত করত অর্থ ব্যয়ের দিক-নির্দেশনা প্রদান করা হয়।

- পরবর্তীতে ২২ ডিসেম্বর ২০১৪ তারিখে জারিকৃত GBCSRD সার্কুলার নং-৭: Indicative guidelines for CSR expenditure allocation and end use oversight এর মাধ্যমে দেশের তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহকে CSR কার্যক্রমের আওতায় ঐচ্ছিকভাবে বিভিন্ন খাতে CSR ব্যয়ের বিষয়ে বিস্তারিত দিক-নির্দেশনা প্রদান করা হয়।
- ১০ জুন ২০১৫ তারিখে জারিকৃত GBCSRD সার্কুলার লেটার নং-৬: Reporting of CSR activities অনুযায়ী দেশে কার্যরত তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহকে CSR এর আওতায় গৃহীত/সম্পাদিত যাবতীয় কার্যক্রম ও ব্যয়ের ষাণ্মাসিক বিবরণী দাখিলের নির্দেশনা দেয়া হয়।
- অতঃপর দেশের পরিবেশগত, সামাজিক, ন্যায়সংগত এবং টেকসই উন্নয়নের জন্য CSR কার্যক্রমকে সমন্বিতভাবে, সহজতর এবং সুসংগঠিত করার নিমিত্ত ৯ জানুয়ারি ২০২২ তারিখের SFD সার্কুলার নং-১ এর মাধ্যমে তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহের জন্য ‘Policy Guidelines on Corporate Social Responsibility for Banks and Financial Institutions’ শীর্ষক নীতিমালা জারি করা হয়। উক্ত নীতিমালায় CSR-এর পরিধি, টেকসই কার্যক্রম, অর্থনৈতিক অন্তর্ভুক্তি ও সামাজিক দায়বদ্ধ অর্থায়ন (Socially Responsible Financing - SRF) এবং নারীর ক্ষমতায়নের মত সমন্বিতভাবে বিষয়সমূহের উপর বিশেষভাবে আলোকপাত করা হয়েছে।
- ২৩ নভেম্বর ২০২৩ তারিখের SFD সার্কুলার নং-৫ এর মাধ্যমে “Corporate Social Responsibility – CSR এর অংশ হিসেবে ‘জলবায়ু ঝুঁকি তহবিল’ এর গঠন, ব্যবস্থাপনা এবং CSR কার্যক্রমের ষাণ্মাসিক রিপোর্টিং” সংক্রান্ত নির্দেশনা জারি করা হয়।

২. CSR ব্যয়ের খাতভিত্তিক বিভাজন ও হার:

বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২২ ডিসেম্বর ২০১৪ তারিখে জারিকৃত GBCSRD সার্কুলার নং-৭ (Indicative guidelines for CSR expenditure allocation and end use oversight) অনুযায়ী তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহ তাদের কর-পরবর্তী নিট মুনাফা-কে ভিত্তি ধরে CSR ব্যয় করতে পারবে। এক্ষেত্রে মোট CSR ব্যয়ের ৩০% শিক্ষা খাতে এবং ২০% স্বাস্থ্য খাতে ব্যয় করতে হবে। এছাড়া, ৯ জুলাই ২০১৫ তারিখে জারিকৃত GBCSRD সার্কুলার নং-৪ এর মাধ্যমে তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহকে তাদের CSR ব্যয়ের ১০% জলবায়ু ঝুঁকি তহবিল খাতে (Climate Risk Fund) ব্যয়ের পরামর্শ প্রদান করা হয়। অধিকন্তু, GBCSRD সার্কুলার লেটার নং-৬/২০১৫ এর মাধ্যমে Social Projects ও Community Investment এর আওতায় শিক্ষা, স্বাস্থ্য, দুর্যোগ ব্যবস্থাপনা, পরিবেশ, সাংস্কৃতিক উন্নয়ন, প্রত্যন্ত অঞ্চলে অবকাঠামো উন্নয়ন, অধিকার বঞ্চিত জনগোষ্ঠীর জন্য আয়ের উৎসারী কার্যক্রম এবং অন্যান্যসহ মোট ৮টি খাতের ব্যয়কে CSR ব্যয় হিসেবে প্রদর্শন করার জন্য নির্দেশনা দেয়া হয়।

পরবর্তীতে ৯ জানুয়ারি ২০২২ তারিখের SFD সার্কুলার নং-১ এর মাধ্যমে ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহকে তাদের মোট CSR বাজেট হতে শিক্ষাখাতে ৩০%, স্বাস্থ্যখাতে ৩০%, পরিবেশ এবং জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন ও অভিযোজন খাতে ২০% এবং অন্যান্য খাতে (আয়-উৎসারী কার্যক্রম, দুর্যোগ ব্যবস্থাপনা, অবকাঠামো উন্নয়ন, ক্রীড়া ও সংস্কৃতি এবং অন্যান্য) ২০% ব্যয় করার নির্দেশনা প্রদান করা হয়। SFD সার্কুলার নং-৫; তারিখ: ২৩ নভেম্বর ২০২৩ এর মাধ্যমে তফসিলি ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহ তাদের বার্ষিক CSR বাজেটে পরিবেশ এবং জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন ও অভিযোজন খাতে বরাদ্দকৃত বিদ্যমান হার ২০% এর অর্ধেক (মোট বাজেটের ১০%) জলবায়ু ঝুঁকি তহবিলে সংরক্ষণপূর্বক ব্যয় নিশ্চিত করার নির্দেশনা প্রদান করা হয়।


৩. ব্যাংকসমূহের জানুয়ারি-জুন ২০২৬ ভিত্তিক CSR কার্যক্রম:

বাংলাদেশে কার্যরত ৬১টি তফসিলি ব্যাংক কর্তৃক জানুয়ারি-জুন ২০২৬ যান্মাসিকে দাখিলকৃত CSR ব্যয়-বিবরণীসমূহ পর্যালোচনাপূর্বক সার্বিক অবস্থা ছক-১ এবং লেখচিত্র-১.১ ও ১.২ এ উপস্থাপিত হলো:-


ছক-১: ব্যাংকসমূহের জানুয়ারি-জুন ২০২৬ যান্মাসিক ভিত্তিক CSR ব্যয়											
ক্রম	ব্যাংকসমূহের নাম	শিক্ষা	স্বাস্থ্য	পরিবেশ এবং জলবায়ু	আয় উৎসারী কার্যক্রম	দুর্যোগ ব্যবস্থাপনা	অব- কাঠামো উন্নয়ন	ক্রীড়া ও সংস্কৃতি	অন্যান্য	অন্যান্য (মোট)	সর্বমোট
		পরিমাণ (কোটি টাকায়)									
		১	২	৩	৪.১	৪.২	৪.৩	৪.৪	৪.৫	৪	৫
১	সোনালী ব্যাংক	০.০০	১.৯৬	০.০০	০.০০	০.০০	০.০৫	০.০০	০.০১	০.০৬	২.০২
২	জনতা ব্যাংক	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
৩	অগ্রণী ব্যাংক	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
৪	রূপালী ব্যাংক	০.০৩	০.১৪	০.০৩	০.০০	০.০০	০.০৯	০.০০	০.০০	০.০৯	০.২৯
৫	বেসিক ব্যাংক	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
৬	বাংলাদেশ কৃষি ব্যাংক	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
৭	রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
৮	বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
৯	প্রবাসী কল্যাণ ব্যাংক	০.০৫	০.০৬	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.১১
১০	এবি ব্যাংক	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
১১	আল আরামা ইসলামী ব্যাংক	০.৬৭	০.২৪	০.৭৩	০.০০	৩.৭৫	০.০০	০.০০	০.৫৬	৪.৩১	৫.৯৫
১২	ব্যাংক এশিয়া	০.০০	৩.০৬	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	৩.০৬
১৩	বাংলাদেশ কমার্স ব্যাংক	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
১৪	বেঙ্গল কমার্শিয়াল ব্যাংক	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	১.২৩	১.২৩	১.২৩
১৫	ব্র্যাক ব্যাংক	১.৮৪	৪.০০	০.৯০	০.০০	০.০০	০.০০	০.৪৩	০.২৫	০.৬৮	৭.৪১
১৬	সিটিজেন্স ব্যাংক	০.০২	০.০২	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০৩
১৭	কমিউনিটি ব্যাংক	০.০০	০.০০	০.০২	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০২
১৮	ঢাকা ব্যাংক	০.৭৭	০.৭৯	০.০০	০.০০	৮.৮০	০.০০	২.০০	০.০০	১০.৮০	১২.৩৫
১৯	ডাচ-বাংলা ব্যাংক	৩.৬৭	১.৮৪	০.৬৩	০.০০	০.০৫	০.০০	০.০০	০.১৯	০.২৪	৬.৩৮
২০	ইস্টার্ন ব্যাংক	০.০০	০.০৬	০.০০	০.০০	১.৫৫	০.০০	০.০০	০.০০	১.৫৫	১.৬০
২১	এক্সিম ব্যাংক	০.৮৪	০.০৫	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.৮৯
২২	ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
২৩	আইসিবি ইসলামিক ব্যাংক	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
২৪	আইএফআইসি ব্যাংক	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.২১	০.০০	০.২১	০.২১
২৫	ইসলামী ব্যাংক বাংলাদেশ	০.০২	০.১৬	০.০০	০.০০	০.০৫	০.০০	০.০০	০.১২	০.১৭	০.৩৫
২৬	যমুনা ব্যাংক	২.২৪	৫.১১	০.০৪	০.০০	০.১০	০.০২	০.০০	০.৫৬	০.৬৮	৮.০৭
২৭	মেঘনা ব্যাংক	০.০০	০.০২	০.০০	০.০০	০.৩১	০.০০	০.০০	০.০০	০.৩১	০.৩২
২৮	মার্কেটাইল ব্যাংক	০.০৫	০.৬৯	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.৭৪
২৯	মিডল্যান্ড ব্যাংক	০.০০	০.০৩	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০৩
৩০	মথুমতি ব্যাংক	০.০১	০.২৫	০.০০	০.১৫	০.৬৬	০.০০	০.০০	০.০৮	০.৭৩	১.১৪
৩১	মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক	১.৭৩	০.৯৩	১.০৮	০.০০	২.০৪	০.০০	০.২০	০.১০	২.৩৩	৬.০৮
৩২	ন্যাশনাল ব্যাংক	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
৩৩	এনসিসি ব্যাংক	০.২৯	০.২৭	০.১২	০.০০	০.৩৭	০.০০	০.১০	০.৮০	১.২৭	১.৯৫
৩৪	এনআরবি ব্যাংক	০.০০	০.০৩	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০৮	০.০৮	০.১১
৩৫	এনআরবি কমার্শিয়াল ব্যাংক	০.১২	০.০৫	০.২৩	০.০০	০.০০	০.০০	০.০০	০.০৯	০.০৯	০.৪৯
৩৬	গ্লোবাল ইসলামী ব্যাংক	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
৩৭	ওয়ান ব্যাংক	০.৪১	০.০৫	০.১০	০.০০	০.০১	০.০০	০.০০	০.০৩	০.০৪	০.৬০
৩৮	পদ্মা ব্যাংক	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
৩৯	প্রাইম ব্যাংক	০.২৬	০.১৬	১.৬৯	০.০০	০.৬৭	০.০০	০.০০	০.১৫	০.৮২	২.৯৩
৪০	পূবালী ব্যাংক	২.৭০	৩.২৭	০.৪৮	০.০৪	০.১৪	০.৫৭	০.৮৫	০.৬২	২.২২	৮.৬৭
৪১	এসবিএসি ব্যাংক	০.০০	০.০৪	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.৩৪	০.৩৪	০.৩৮
৪২	শাহজালাল ইসলামী ব্যাংক	২.৩১	০.৮৬	০.০৫	০.০০	৭.১৫	০.১৩	০.০০	০.০০	৭.২৮	১০.৫০
৪৩	সীমান্ত ব্যাংক	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
৪৪	সোশ্যাল ইসলামী ব্যাংক	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
৪৫	সাউথইস্ট ব্যাংক	০.০৩	০.২২	০.০০	০.০০	১.০৪	০.০০	০.০০	০.০০	১.০৪	১.২৯
৪৬	স্ট্যান্ডার্ড ব্যাংক	০.০১	০.০৪	০.০০	০.৫৫	০.০১	০.০৪	০.০০	০.০০	০.৬১	০.৬৬
৪৭	দি সিটি ব্যাংক	০.৭৫	১.৪৭	০.৪০	০.০০	০.০০	০.০০	০.০৮	০.০৮	০.১৬	২.৭৮
৪৮	দি প্রিমিয়ার ব্যাংক	০.০৩	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০৩

ছক-১: ব্যাংকসমূহের জানুয়ারি-জুন ২০২৬ ষান্মাসিক ভিত্তিক CSR ব্যয়

ক্রম	ব্যাংকসমূহের নাম	শিক্ষা	স্বাস্থ্য	পরিবেশ এবং জলবায়ু	আয় উৎসারী কার্যক্রম	দুর্যোগ ব্যবস্থাপনা	অব- কাঠামো উন্নয়ন	ক্রীড়া ও সংস্কৃতি	অন্যান্য	অন্যান্য (মোট)	সর্বমোট
		পরিমাণ (কোটি টাকায়)									
		১	২	৩	৪.১	৪.২	৪.৩	৪.৪	৪.৫	৪	৫
৪৯	ট্রাস্ট ব্যাংক	২.৪০	৫.২০	০.২০	০.০০	০.০১	০.০০	০.১০	০.৫২	০.৬৩	৮.৪৩
৫০	ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক	০.৪১	০.০৬	০.০০	০.০০	৭.৫৪	০.৯১	০.০০	০.০০	৮.৪৫	৮.৯২
৫১	ইউনিয়ন ব্যাংক	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
৫২	উত্তরা ব্যাংক	০.০২	০.০২	০.০০	০.০০	০.০২	০.০০	০.০১	০.০১	০.০৪	০.০৮
৫৩	ব্যাংক আলফালাহু	০.০০	০.০৮	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০৮
৫৪	কমার্শিয়াল ব্যাংক অব সিলন	০.১৩	০.২৫	০.১০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.৪৮
৫৫	সিটিব্যাংক এনএ	০.০০	০.২৩	০.১৫	০.০০	০.০৯	০.০০	০.০০	০.০০	০.০৯	০.৪৬
৫৬	হাবিব ব্যাংক	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
৫৭	এইচএসবিসি	০.৩৫	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.৩৫
৫৮	ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
৫৯	স্টেট ব্যাংক অব ইন্ডিয়া	০.০৭	০.০১	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০৮
৬০	স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক	১.৯১	২.৯৪	৪.৭৬	১.১৪	০.০০	০.২১	০.৪৯	০.০০	১.৮৪	১১.৪৫
৬১	উরি ব্যাংক	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
	সর্বমোট (কোটি টাকায়)	২৪.১৩	৩৪.৬৬	১১.৭২	১.৮৮	৩৪.৩৪	২.০২	৪.৪৬	৫.৮৩	৪৮.৫৩	১১৯.০৪
	শতকরা হার (%)	২০.২৭%	২৯.১১%	৯.৮৪%	১.৫৮%	২৮.৮৫%	১.৭০%	৩.৭৫%	৪.৯০%	৪০.৭৭%	১০০.০০%



লেখচিত্র-১.১: জানুয়ারি-জুন ২০২৬ ষান্মাসিকে ব্যাংকসমূহের প্রধান খাতওয়ারি CSR ব্যয় ও হার



লেখচিত্র-১.২: জানুয়ারি-জুন ২০২৬ ষান্মাসিকে ব্যাংকসমূহের অন্যান্য খাতের আওতায় উপখাতভিত্তিক CSR ব্যয় ও হার

৩.১ ব্যাংকসমূহের জানুয়ারি-জুন ২০২৬ ভিত্তিক CSR বিবরণী পর্যালোচনা:

- জানুয়ারি-জুন ২০২৬ ষান্মাসিকে দেশে কার্যরত তফসিলি ব্যাংকসমূহের CSR ব্যয়ের পরিমাণ প্রায় ৮১১৯.০৮ কোটি (একশত উনিশ কোটি চার লক্ষ) টাকা; প্রধান খাত ভিত্তিক ব্যয় নিম্নরূপ:
 - শিক্ষাখাতে ব্যয় ৮২৪.১৩ কোটি, যা মোট CSR ব্যয়ের ২০.২৭%;
 - স্বাস্থ্যখাতে ব্যয় ৮৩৪.৬৬ কোটি, যা মোট CSR ব্যয়ের ২৯.১১%;
 - পরিবেশ ও জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন-অভিযোজন খাতে ব্যয় ৮১১.৭২ কোটি, যা মোট CSR ব্যয়ের ৯.৮৪%;
 - অন্যান্য খাতে ব্যয় ৮৪৮.৫৩ কোটি, যা মোট CSR ব্যয়ের ৪০.৭৭%।
- জানুয়ারি-জুন ২০২৬ ভিত্তিক CSR বিবরণী পর্যালোচনায় দেখা যায় যে, প্রধান খাতসমূহের মধ্যে সর্বোচ্চ ব্যয় করা হয়েছে অন্যান্য খাতে এবং সর্বনিম্ন ব্যয় করা হয়েছে পরিবেশ ও জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন-অভিযোজন খাতে।
- আলোচ্য ষান্মাসিকে অন্যান্য খাতের আওতায় উপখাতভিত্তিক ব্যয় নিম্নরূপ:-
 - দুর্যোগ ব্যবস্থাপনা উপখাতে ব্যয় ৮৩৪.৩৮ কোটি, যা মোট CSR ব্যয়ের ২৮.৮৫%;
 - অন্যান্য উপখাতে ব্যয় ৮৫.৮৩ কোটি, যা মোট CSR ব্যয়ের ৪.৯০%;
 - ক্রীড়া ও সংস্কৃতি উপখাতে ব্যয় ৮৪.৪৬ কোটি, যা মোট CSR ব্যয়ের ৩.৭৫%;
 - অবকাঠামো উন্নয়ন উপখাতে ব্যয় ৮২.০২ কোটি, যা মোট CSR ব্যয়ের ১.৭০%;
 - আয়-উৎসারী কার্যক্রম উপখাতে ব্যয় ৮১.৮৮ কোটি, যা মোট CSR ব্যয়ের ১.৫৮%।

- এছাড়া, দুর্ভোগ ব্যবস্থাপনা উপখাতের আওতায় প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে এবং দেশের শীতপ্রধান অঞ্চলের শীতর্ত ও দরিদ্র মানুষের মাঝে কম্বল বিতরণার্থে অনুদান হিসেবে প্রদান করা হয়েছে।
- তফসিলি ব্যাংকসমূহ কর্তৃক দ্বিতীয় সর্বোচ্চ CSR ব্যয় করা হয়েছে স্বাস্থ্যখাতে। স্বাস্থ্যখাতে মূলত ব্যক্তি পর্যায়ে হতদরিদ্র/অসহায়/সুবিধাবঞ্চিত/প্রতিবন্ধী রোগীদের চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান, ক্লিনিক্যাল সেবা প্রদান, বিনামূল্যে চিকিৎসা ও স্বাস্থ্যসেবা সামগ্রী বিতরণ এবং বিভিন্ন দুরারোগ্য/জটিল ব্যাধিতে আক্রান্ত রোগীদের চিকিৎসার্থে ব্যাংকসমূহ কর্তৃক CSR বাবদ সরাসরি অনুদান প্রদান করা হয়েছে। এছাড়া, হাসপাতাল/ক্লিনিক নির্মাণ, হাসপাতাল/ক্লিনিক/ডায়াগনস্টিক সেন্টারের পরিচালন ব্যয় নির্বাহ এবং চিকিৎসা সরঞ্জামাদি ক্রয় বাবদ অনুদান প্রদান করা হয়েছে।
- তফসিলি ব্যাংকসমূহ কর্তৃক তৃতীয় সর্বোচ্চ CSR ব্যয় করা হয়েছে শিক্ষা খাতে। শিক্ষাখাতের ব্যয় পর্যালোচনায় দেখা যায় যে, ব্যাংকসমূহ কর্তৃক শিক্ষার্থীদের বৃত্তি ও শিক্ষা উপকরণ প্রদান করা হয়েছে। এছাড়া, শিক্ষাখাতের অবকাঠামো উন্নয়নেও CSR ব্যয় করা হয়েছে।
- আলোচ্য ষান্মাসিকে ব্যাংকসমূহের সর্বনিম্ন CSR ব্যয় করেছে পরিবেশ ও জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন-অভিযোজন খাতে। দেশের বিভিন্ন স্থানে বৃক্ষরোপন কর্মসূচি পালন, পরিবেশ বিষয়ক গবেষণা, মৎস্যজীবী জনগোষ্ঠীর জন্য বিকল্প আয়ের উৎস সৃষ্টি, জলবায়ু ঝুঁকিপ্রবণ জনগোষ্ঠীর জন্য নিরাপদ সুপেয় পানি এবং স্যানিটেশন সহায়তা প্রদান করা হয়েছে।

৩.২ ব্যাংকের ধরণ ভিত্তিক CSR ব্যয়:

জানুয়ারি-জুন ২০২৬ ষান্মাসিকে ব্যাংকসমূহের ধরণ ভিত্তিক CSR ব্যয়ের পরিমাণ এবং মোট ব্যয়ের শতকরা হার ছক-২ এ উপস্থাপিত হলো:

ছক-২: ব্যাংকের ধরণ ভিত্তিক CSR ব্যয় ও হার		
ব্যাংকের ধরণ	মোট ব্যয় (কোটি টাকায়)	হার (%)
রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক (৬টি)	২.৩১	১.৯৪%
বিশেষায়িত বাণিজ্যিক ব্যাংক (৩টি)	০.১১	০.১০%
বেসরকারি বাণিজ্যিক ব্যাংক (৪৩টি)	১০৩.৭০	৮৭.১১%
বিদেশি বাণিজ্যিক ব্যাংক (৯টি)	১২.৯১	১০.৮৫%
সর্বমোট (৬১টি)	১১৯.০৮	১০০%

ছক-২ পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে,

- আলোচ্য ষান্মাসিকে দেশের ৬টি রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকের মধ্যে ২টি ব্যাংক ৮২.৩১ কোটি CSR খাতে ব্যয় করেছে, যা ব্যাংকিং খাতে মোট CSR ব্যয়ের ১.৯৪%।
- দেশের ০৩টি বিশেষায়িত ব্যাংকের মধ্যে ১টি ব্যাংক ৮০.১১ কোটি CSR খাতে ব্যয় করেছে, যা ব্যাংকিং খাতের মোট CSR ব্যয়ের ০.১০%।
- ৪৩টি বেসরকারি বাণিজ্যিক ব্যাংকের মধ্যে ৩৩টি ব্যাংক এ ষান্মাসিকে ৮১০৩.৭০ কোটি CSR খাতে ব্যয় করেছে, যা ব্যাংকিং খাতে মোট CSR ব্যয়ের ৮৭.১১%।
- ৯টি বিদেশি বাণিজ্যিক ব্যাংকের মধ্যে ৬টি ব্যাংক ৮১২.৯১ কোটি CSR খাতে ব্যয় করেছে, যা ব্যাংকিং খাতের মোট CSR ব্যয়ের ১০.৮৫%।

৩.৩ ইসলামী শরিয়াহ্ ভিত্তিক ব্যাংকসমূহের জানুয়ারি-জুন ২০২৬ ভিত্তিক CSR বিবরণী পর্যালোচনা:

জানুয়ারি-জুন ২০২৬ ঘান্নাসিকে ইসলামী শরিয়াহ্ ভিত্তিক ১০টি ব্যাংকের CSR কার্যক্রম ছক-৩ এ উপস্থাপিত হলো:-

ছক-৩: ইসলামী শরিয়াহ্ ভিত্তিক ব্যাংকসমূহের CSR ব্যয়				
পরিমাণ (কোটি টাকায়)				
ক্রম	ব্যাংকের নাম	জানুয়ারি-জুন ২০২৬ ভিত্তিক CSR ব্যয়	২০২৫ সালে অর্জিত কর পরবর্তী নিট মুনাফা হতে জানুয়ারি-জুন ২০২৬ ভিত্তিক CSR ব্যয়	নিট মুনাফা ব্যতীত অন্যান্য উৎস হতে জানুয়ারি-জুন ২০২৬ ভিত্তিক CSR ব্যয়
১	ইসলামী ব্যাংক বাংলাদেশ	০.৩৫	০.০০	০.৩৫
২	আইসিবি ইসলামিক ব্যাংক	০.০০	০.০০	০.০০
৩	আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক	৫.৯৫	০.০০	৫.৯৫
৪	সোশ্যাল ইসলামী ব্যাংক	০.০০	০.০০	০.০০
৫	স্ট্যান্ডার্ড ব্যাংক	০.৬৬	০.০৫	০.৬২
৬	এক্সিম ব্যাংক	০.৮৯	০.০০	০.৮৯
৭	ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক	০.০০	০.০০	০.০০
৮	শাহজালাল ইসলামী ব্যাংক	১০.৫০	০.০০	১০.৫০
৯	ইউনিয়ন ব্যাংক	০.০০	০.০০	০.০০
১০	গ্লোবাল ইসলামী ব্যাংক	০.০০	০.০০	০.০০
	সর্বমোট (কোটি টাকায়)	১৮.৩৬	০.০৫	১৮.৩১
	শতকরা হার (%)	১০০.০০%	০.২৬%	৯৯.৭৪%

ছক-৩ পর্যালোচনান্তে দেখা যায় যে,

- আলোচ্য ঘান্নাসিকে ইসলামী শরিয়াহ্ ভিত্তিক ১০টি ব্যাংক কর্তৃক পূর্ববর্তী বছরের কর পরবর্তী নিট মুনাফাসহ অন্যান্য উৎস থেকে (Compensation Realized A/C, Doubtful Income, যাকাত ফান্ড, অন্যান্য ইত্যাদি) CSR ব্যয় নির্বাহ করা হয়েছে।
- উল্লিখিত ঘান্নাসিকে ইসলামী শরিয়াহ্ ভিত্তিক ব্যাংকসমূহের CSR ব্যয় ১৮.৩৬ কোটি, যা ব্যাংকিং খাতের মোট CSR ব্যয়ের প্রায় ১৫.৩৮%।
- ২০২৫ সালে অর্জিত কর পরবর্তী নিট মুনাফা হতে ইসলামী শরিয়াহ্ ভিত্তিক ব্যাংকসমূহের CSR ব্যয়ের পরিমাণ ৬০.০৫ কোটি, যা আলোচ্য ব্যাংকসমূহের মোট CSR ব্যয়ের ০.২৬%।
- নিট মুনাফা ব্যতীত অন্যান্য উৎস হতে ব্যয়ের পরিমাণ ১৮.৩১ কোটি, যা ইসলামী শরিয়াহ্ ভিত্তিক ব্যাংকসমূহের মোট CSR ব্যয়ের ৯৯.৭৪%।

৩.৪ বিদেশি ব্যাংকসমূহের জানুয়ারি-জুন ২০২৬ ভিত্তিক CSR বিবরণী পর্যালোচনা:

জানুয়ারি-জুন ২০২৬ ঘান্নাসিকে বাংলাদেশে কার্যরত ৯টি বিদেশি ব্যাংকের CSR কার্যক্রম ছক-৪ এ উপস্থাপিত হলো:


ছক-৪: বিদেশি ব্যাংকসমূহের CSR ব্যয়				
পরিমাণ (কোটি টাকায়)				
ক্রম	ব্যাংকের নাম	জানুয়ারি-জুন ২০২৬ ভিত্তিক CSR ব্যয় (কোটি টাকা)	২০২৫ সালে অর্জিত কর পরবর্তী নিট মুনাফা হতে জানুয়ারি-জুন ২০২৬ ভিত্তিক CSR ব্যয় (কোটি টাকা)	নিট মুনাফা ব্যতীত অন্যান্য উৎস হতে জানুয়ারি-জুন ২০২৬ ভিত্তিক CSR ব্যয় (কোটি টাকা)
১	ব্যাংক আলফালাহ্	০.০৮	০.০০	০.০৮
২	কমার্শিয়াল ব্যাংক অব সিলন	০.৮৮	০.৮৮	০.০০
৩	সিটিব্যাংক এন.এ	০.৮৬	০.৮৬	০.০০
৪	হাবিব ব্যাংক	০.০০	০.০০	০.০০
৫	এইচএসবিসি	০.৩৫	০.৩৫	০.০০
৬	ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান	০.০০	০.০০	০.০০
৭	স্টেট ব্যাংক অব ইন্ডিয়া	০.০৮	০.০৮	০.০০
৮	স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক	১১.৮৫	১১.৮৫	০.০০
৯	উরি ব্যাংক	০.০০	০.০০	০.০০
	সর্বমোট (কোটি টাকায়)	১২.৯১	১২.৮৩	০.০৮
	শতকরা হার (%)	১০০.০০%	৯৯.৩৮%	০.৬২%

ছক-৪ পর্যালোচনান্তে দেখা যায় যে,

- জানুয়ারি-জুন ২০২৬ ষান্মাসিকে ৯টি বিদেশি ব্যাংকের মধ্যে ৬টি ব্যাংক ৳১২.৯১ কোটি CSR খাতে ব্যয় করেছে যা, ব্যাংকিং খাতের মোট CSR ব্যয়ের ১০.৮৫%।
- ২০২৫ সালে অর্জিত কর পরবর্তী নিট মুনাফা হতে বিদেশি ব্যাংকসমূহের ব্যয়ের পরিমাণ ৳১২.৮৩ কোটি, যা এ সকল ব্যাংকের মোট CSR ব্যয়ের ৯৯.৩৮%।
- নিট মুনাফা ব্যতীত বিভিন্ন উৎস হতে আলোচ্য ব্যাংকসমূহের CSR ব্যয়ের পরিমাণ ৳০.০৮ কোটি, যা এ সকল ব্যাংকের মোট CSR ব্যয়ের ০.৬২%।

৩.৫ ব্যাংকসমূহের ষান্মাসিক ভিত্তিক খাতওয়ারি CSR ব্যয়ের তুলনামূলক বিশ্লেষণ:

জানুয়ারি-জুন ২০২৬ ষান্মাসিকে ব্যাংকসমূহের CSR ব্যয় প্রায় ৳১১৯.০৮ কোটি (একশত উনিশ কোটি চার লক্ষ টাকা)। অন্যদিকে, পূর্ববর্তী ষান্মাসিক জুলাই-ডিসেম্বর ২০২৫ এ ব্যাংকসমূহের CSR ব্যয় ছিল প্রায় ৳১৯৭.৮৫ কোটি (একশত সাতানব্বই কোটি পঁচাশি লক্ষ টাকা)। জানুয়ারি-জুন ২০২৬ ষান্মাসিকে ব্যাংকসমূহের CSR ব্যয় জুলাই-ডিসেম্বর ২০২৫ ষান্মাসিকের ব্যয়ের তুলনায় প্রায় ৳৭৮.৮১ কোটি (আটাত্তর কোটি একাশি লক্ষ টাকা) কম। বিগত বছরের রিপোর্টসমূহ হতে জানুয়ারি-জুন ষান্মাসিকে CSR ব্যয় জুলাই-ডিসেম্বর ষান্মাসিকের CSR ব্যয়ের তুলনায় কম হওয়ার ধারা বজায় থাকার বিষয়টি পরিলক্ষিত হয়ে আসছে। ব্যাংকসমূহের জানুয়ারি-জুন ২০২৬ এবং জুলাই-ডিসেম্বর ২০২৫ ষান্মাসিক ভিত্তিক খাতওয়ারি CSR ব্যয়ের তুলনামূলক চিত্র লেখচিত্র-২ এর মাধ্যমে উপস্থাপন করা হলো:-



লেখচিত্র-২: জানুয়ারি-জুন ২০২৬ এবং জুলাই-ডিসেম্বর ২০২৫ ষান্মাসিক ভিত্তিতে ব্যাংকসমূহের খাতওয়ারি CSR ব্যয়

লেখচিত্র-২ এ প্রদর্শিত তথ্য পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে,

- শিক্ষাখাতের আওতায় জানুয়ারি-জুন ২০২৬ ষান্মাসিকে CSR ব্যয় করা হয় ৳২৪.১৩ কোটি টাকা এবং জুলাই-ডিসেম্বর ২০২৫ ষান্মাসিকে CSR এ খাতে ব্যয় করা হয় ৳৪৪.৪৭ কোটি টাকা; অর্থাৎ জুলাই-ডিসেম্বর ২০২৫ ষান্মাসিকের তুলনায় জানুয়ারি-জুন ২০২৬ ষান্মাসিকে শিক্ষা খাতে CSR ব্যয় ৪৫.৭৪% হ্রাস পেয়েছে।
- স্বাস্থ্যখাতের আওতায় জানুয়ারি-জুন ২০২৬ ষান্মাসিকে CSR ব্যয় করা হয় ৳৩৪.৬৬ কোটি টাকা এবং জুলাই-ডিসেম্বর ২০২৫ ষান্মাসিকে CSR এ খাতে ব্যয় করা হয় ৳৫৭.৫২ কোটি টাকা; অর্থাৎ জুলাই-ডিসেম্বর ২০২৫ ষান্মাসিকের তুলনায় জানুয়ারি-জুন ২০২৬ ষান্মাসিকে স্বাস্থ্যখাতে CSR ব্যয় ৩৯.৭৪% হ্রাস পেয়েছে।
- পরিবেশ ও জলবায়ু পরিবর্তন জনিত প্রশমন-অভিযোজন খাতে জানুয়ারি-জুন ২০২৬ ষান্মাসিকে CSR ব্যয় করা হয় ৳১১.৭২ কোটি টাকা এবং জুলাই-ডিসেম্বর ২০২৫ ষান্মাসিকে CSR ব্যয় করা হয় ৳২৯.২৯ কোটি টাকা। অর্থাৎ, জুলাই-ডিসেম্বর ২০২৫ ষান্মাসিকের তুলনায় জানুয়ারি-জুন ২০২৬ ষান্মাসিকে এ খাতে CSR ব্যয় ৫৯.৯৯% হ্রাস পেয়েছে।

- অন্যান্য খাতে জানুয়ারি-জুন ২০২৬ যান্মাসিকে CSR ব্যয় করা হয় ৮৪৮.৫৩ কোটি টাকা এবং জুলাই-ডিসেম্বর ২০২৫ যান্মাসিকে CSR ব্যয় করা হয় ৮৪৬.৮০ কোটি টাকা। অর্থাৎ জুলাই-ডিসেম্বর ২০২৫ যান্মাসিকের তুলনায় জানুয়ারি-জুন ২০২৬ যান্মাসিকে এ খাতে CSR ব্যয় ৩.৭০% বৃদ্ধি পেয়েছে।

৪. ফাইন্যান্স কোম্পানিসমূহের জানুয়ারি-জুন ২০২৬ ভিত্তিক CSR কার্যক্রম:


বাংলাদেশে কার্যরত ৩৫টি ফাইন্যান্স কোম্পানি কর্তৃক দাখিলকৃত জানুয়ারি-জুন ২০২৬ ভিত্তিক CSR বিবরণীসমূহ পর্যালোচনাপূর্বক সার্বিক অবস্থা ছক-৫ এবং লেখচিত্র-৩.১ ও ৩.২ এ উপস্থাপিত হলো :

ছক-১০: ফাইন্যান্স কোম্পানিসমূহের জানুয়ারি-জুন ২০২৬ যান্মাসিক ভিত্তিক CSR ব্যয়											
ক্রম	ফাইন্যান্স কোম্পানিসমূহের নাম	শিক্ষা	স্বাস্থ্য	পরিবেশ এবং জলবায়ু	আয় উৎসারী কার্যক্রম	দুর্যোগ ব্যবস্থাপনা	অব-কাঠামো উন্নয়ন	ক্রীড়া ও সংস্কৃতি	অন্যান্য	অন্যান্য (মোট)	সর্বমোট
		১	২	৩	৪.১	৪.২	৪.৩	৪.৪	৪.৫	৪	৫
১	অগ্রণী এসএমই ফাইন্যান্সিং কোম্পানী	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০
২	আভিভা ফাইন্যান্স	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০
৩	বাংলাদেশ ফাইন্যান্স	০.০০৮৬	০.০০০০	০.০০৩৫	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০২৫	০.০০০০	০.০০২৫	০.০১৪৬
৪	বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্স কোম্পানী	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০
৫	বাংলাদেশ ইনফ্রাস্ট্রাকচার ফাইন্যান্স ফান্ড	০.০০১৫	০.১৮৫০	০.০০৫৩	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.১৯১৮
৬	বে লিজিং এন্ড ইনভেস্টমেন্ট	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০
৭	সিভিসি ফাইন্যান্স	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০
৮	ডেস্টা ব্র্যাক হাউজিং ফাইন্যান্স কর্পোরেশন	০.০২৩৬	০.০৭০০	০.১১৭০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.২১০৬
৯	ফারিস্ট ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০
১০	এফএএস ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০
১১	ফার্স্ট ফাইন্যান্স	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০
১২	জিএসপি ফাইন্যান্স কোম্পানী	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০
১৩	হুজ ফাইন্যান্স কোম্পানী	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০
১৪	আইডিএলসি ফাইন্যান্স	০.২৭১২	০.০৯৫৩	০.০০০০	০.০০০০	০.০৪৩০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০৪৩০	০.৪০৯৫
১৫	ইন্ডাস্ট্রিয়াল এন্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট ফাইন্যান্স কোম্পানী	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০
১৬	ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানী	০.০০০০	০.১৭৫০	০.১০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০৪৩৪	০.০৪৩৪	০.৩১৮৪
১৭	ইন্টারন্যাশনাল লিজিং এন্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০
১৮	আইপিডিসি ফাইন্যান্স	০.১২১২	০.০২৭০	০.০৬০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০৫৬৭	০.০৫৬৭	০.২৬৫০
১৯	ইসলামিক ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০
২০	লংকাবাংলা ফাইন্যান্স	০.০৪০৫	০.১২৬২	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.১৬৬৭
২১	এ্যালায়েন্স ফাইন্যান্স	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০
২২	মেরিডিয়ান ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০
২৩	মাইডাস ফাইন্যান্সিং	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০
২৪	ন্যাশনাল ফাইন্যান্স	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০
২৫	ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস্	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০
২৬	পিপলস্ লিজিং এন্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০
২৭	ফিনিক্স ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০
২৮	প্রিমিয়ার লিজিং এন্ড ফাইন্যান্স	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০
২৯	প্রাইম ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০
৩০	সউদি বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানী	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০
৩১	স্ট্র্যাটাজিক ফাইন্যান্স	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০
৩২	দি ইউএই বাংলাদেশ ইনভেস্টমেন্ট কোম্পানী	০.০৪২৮	০.০২৬৩	০.০২৩০	০.০২৭৫	০.০০০০	০.০০০০	০.০১০০	০.০০০০	০.০৩৭৫	০.১২৯৬

ছক-১০: ফাইন্যান্স কোম্পানিসমূহের জানুয়ারি-জুন ২০২৬ ষান্মাসিক ভিত্তিক CSR ব্যয়


ক্রম	ফাইন্যান্স কোম্পানিসমূহের নাম	শিক্ষা	স্বাস্থ্য	পরিবেশ এবং জলবায়ু	আয় উৎসারী কার্যক্রম	দুর্যোগ ব্যবস্থাপনা	অব-কাঠামো উন্নয়ন	ক্রীড়া ও সংস্কৃতি	অন্যান্য	অন্যান্য (মোট)	সর্বমোট
		পরিমাণ (কোটি টাকায়)									
		১	২	৩	৪.১	৪.২	৪.৩	৪.৪	৪.৫	৪	৫
৩৩	ইউনিয়ন ক্যাপিটাল	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০
৩৪	ইউনাইটেড ফাইন্যান্স	০.০৫৫৬	০.০৭০০	০.০০০০	০.০০০০	০.০১৯৯	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০১৯৯	০.১৪৫৫
৩৫	উত্তরা ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০	০.০০০০
	সর্বমোট (কোটি টাকায়)	০.৫৬৫০	০.৭৭৪৯	০.৩০৮৭	০.০২৭৫	০.০৬২৯	০.০০০০	০.০১২৫	০.১০০১	০.২০৩০	১.৮৫১৬
	শতকরা হার (%)	৩০.৫১%	৪১.৮৫%	১৬.৬৭%	১.৪৯%	৩.৪০%	০.০০%	০.৬৮%	৫.৪০%	১০.৯৬%	১০০.০০%

৪.১ ফাইন্যান্স কোম্পানিসমূহের জানুয়ারি-জুন ২০২৬ ভিত্তিক CSR বিবরণী পর্যালোচনা:



লেখচিত্র-৩.১: জানুয়ারি-জুন ২০২৬ ষান্মাসিকে ফাইন্যান্স কোম্পানিসমূহের প্রধান খাতওয়ারি CSR ব্যয়

- ফাইন্যান্স কোম্পানিসমূহ জানুয়ারি-জুন ২০২৬ ষান্মাসিকে CSR খাতে ৮১.৮৫ কোটি (এক কোটি পঁচাল্লিশ লক্ষ টাকা) ব্যয় করেছে; তন্মধ্যে প্রধান খাতভিত্তিক ব্যয় নিম্নরূপ:-
 - শিক্ষাখাতে ব্যয় ৮০.৫৬ কোটি, যা মোট CSR ব্যয়ের ৩০.৫১%।
 - স্বাস্থ্যখাতে ব্যয় ৮০.৭৭ কোটি, যা মোট CSR ব্যয়ের ৪১.৮৫%।
 - পরিবেশ ও জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন-অভিযোজন খাতে ব্যয় ৮০.৩১ কোটি, যা মোট CSR ব্যয়ের ১৬.৬৭%।
 - অন্যান্য খাতে ব্যয় ৮০.২০ কোটি, যা মোট CSR ব্যয়ের ১০.৯৬%।
- ফাইন্যান্স কোম্পানিসমূহ কর্তৃক সর্বোচ্চ CSR ব্যয় করা হয়েছে স্বাস্থ্যখাতে এবং সর্বনিম্ন ব্যয় করা হয়েছে অন্যান্য খাতে।



লেখচিত্র-৩.২: জানুয়ারি-জুন ২০২৬ ষান্মাসিকে ফাইন্যান্স কোম্পানিসমূহের অন্যান্য খাতের আওতায় উপখাতভিত্তিক CSR ব্যয়


➤ আলোচ্য ষান্মাসিকে অন্যান্য খাতের আওতায় উপখাতভিত্তিক ব্যয় নিম্নরূপ:-

- দুর্যোগ ব্যবস্থাপনা - ৮০.০৬ কোটি, যা মোট CSR ব্যয়ের ৩.৮০%;
- আয়-উৎসারী কার্যক্রম - ৮০.০৩ কোটি, যা মোট CSR ব্যয়ের ১.৮৯%;
- ক্রীড়া ও সংস্কৃতি - ৮০.০১ কোটি, যা মোট CSR ব্যয়ের ০.৬৮%;
- অন্যান্য - ৮০.১০ কোটি, যা মোট CSR ব্যয়ের ৫.৮০%;
- অবকাঠামো উন্নয়ন উপখাতে কোন ব্যয় করা হয়নি।

৪.২ ফাইন্যান্স কোম্পানিসমূহের জানুয়ারি-জুন ২০২৬ ভিত্তিক খাতওয়ারি CSR ব্যয়ের তুলনামূলক বিশ্লেষণ:

জানুয়ারি-জুন ২০২৬ ষান্মাসিকে ফাইন্যান্স কোম্পানিসমূহের CSR ব্যয় ৮১.৮৫ কোটি (এক কোটি পঁচাশি লক্ষ টাকা)। অন্যদিকে, পূর্ববর্তী ষান্মাসিকে (জুলাই-ডিসেম্বর ২০২৫) ফাইন্যান্স কোম্পানিসমূহের CSR ব্যয় ছিল ৮৪.৯৯ কোটি (চার কোটি নিরানব্বই লক্ষ টাকা)। পর্যালোচনান্তে দেখা যায়, জানুয়ারি-জুন ২০২৬ ষান্মাসিকে ফাইন্যান্স কোম্পানিসমূহের CSR ব্যয় পূর্ববর্তী ষান্মাসিকের তুলনায় ৮৩.১৪ (তিন কোটি বত্রিশ লক্ষ টাকা) বা ৬২.৯৩% কম। বিগত বছরের রিপোর্টসমূহ হতে জানুয়ারি-জুন ষান্মাসিকে CSR ব্যয় জুলাই-ডিসেম্বর ষান্মাসিকের CSR ব্যয়ের তুলনায় কম হওয়ার ধারা বজায় থাকার বিষয়টি পরিলক্ষিত হয়ে আসছে।

ফাইন্যান্স কোম্পানিসমূহের জানুয়ারি-জুন ২০২৬ এবং জুলাই-ডিসেম্বর ২০২৫ ষান্মাসিক ভিত্তিক খাতওয়ারি মোট CSR ব্যয়ের তুলনামূলক চিত্র লেখচিত্র-৪ এর মাধ্যমে উপস্থাপন করা হলো:



লেখচিত্র-৪: জানুয়ারি-জুন ২০২৬ এবং জুলাই-ডিসেম্বর ২০২৫ ষান্মাসিকে
ফাইন্যান্স কোম্পানিসমূহের খাতওয়ারি CSR ব্যয়

লেখচিত্র-৪ এ প্রদর্শিত তথ্য পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, জানুয়ারি-জুন ২০২৬ ষান্মাসিকে ফাইন্যান্স কোম্পানিসমূহের স্বাস্থ্য, পরিবেশ ও জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন-অভিযোজন এবং অন্যান্য খাতের CSR ব্যয় জুলাই-ডিসেম্বর ২০২৫ ষান্মাসিকের তুলনায় যথাক্রমে ৪৫.৩৯%, ৭৪.১৭% এবং ৮১.৮২% হ্রাস পেয়েছে। তাছাড়া, জানুয়ারি-জুন ২০২৬ ষান্মাসিকে ফাইন্যান্স কোম্পানিসমূহের শিক্ষাখাতে CSR ব্যয় জুলাই-ডিসেম্বর ২০২৫ ষান্মাসিকের তুলনায় ৫৬.৫৯% হ্রাস পেয়েছে। অর্থাৎ, আলোচ্য ষান্মাসিকে সার্বিক খাতভিত্তিক CSR ব্যয় পূর্ববর্তী ষান্মাসিকের তুলনায় ৬২.৯৩% হ্রাস পেয়েছে।

৫. উপসংহার:

কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (CSR) সারাবিশ্বে ‘Triple Bottom Line Framework’ বা তিনস্তর ভিত্তিক কাঠামো হিসেবে খ্যাত, যা অর্থনৈতিক, সামাজিক এবং পরিবেশগত কর্মকাণ্ডের মাধ্যমে স্টেকহোল্ডারদের প্রত্যাশা পূরণে অবদান রাখে। CSR কেবল জনহিতৈষী কর্মকাণ্ডে সীমাবদ্ধ নয়; এর পরিধি টেকসই উন্নয়নমূলক কর্মকাণ্ডেও বিস্তৃত। বিধায়, ব্যাংক ও ফাইন্যান্স কোম্পানিসমূহ দেশের দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়নের পাশাপাশি জাতীয় আর্থিক অন্তর্ভুক্তি কৌশল (NFIS) এবং জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন অভীষ্ট (SDGs) সহ বিভিন্ন সরকারি ও আন্তর্জাতিক পরিকল্পনা বাস্তবায়নে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। সার্বিক বিবেচনায়, কর্পোরেট সামাজিক দায়বদ্ধতার নিরিখে সমাজের পিছিয়ে পরা সুবিধাবঞ্চিত ও হতদরিদ্র জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে আর্থিক খাতের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ অতীব জরুরি।